

ট্যাবলেট

# কোরাবিয়ন-ডিএক্স

ক্যালসিয়াম কার্বোনেট (কোরাল ক্যালসিয়াম হতে প্রাপ্ত) (ডিসি গ্রেড) ইন-হাউজ ১২৫০ মি.গ্রা. যা ক্যালসিয়াম ৫০০ মি.গ্রা. এর সমতুল্য + ড্রাই ভিটামিন ডি৩ টাইপ ১০০ সিডব্লিউএস (১০০০০০ আইইউ/গ্রাম) ইন-হাউজ ১০ মি.গ্রা. যা ভিটামিন ডি৩ ১০০০ আই ইউ এর সমতুল্য + ভিটামিন কে২ (মেনাকুইনোন-৭) ইন-হাউজ ০.০৭৫ মি.গ্রা.

**উপস্থাপনা:** প্রতিটি ট্যাবলেটে আছে ক্যালসিয়াম কার্বোনেট (কোরাল ক্যালসিয়াম হতে প্রাপ্ত) (ডিসি গ্রেড) ইন-হাউজ ১২৫০ মি.গ্রা. যা ক্যালসিয়াম ৫০০ মি.গ্রা. এর সমতুল্য + ড্রাই ভিটামিন ডি৩ টাইপ ১০০ সিডব্লিউএস (১০০০০০ আইইউ/গ্রাম) ইন-হাউজ ১০ মি.গ্রা. যা ভিটামিন ডি৩ ১০০০ আই ইউ এর সমতুল্য + ভিটামিন কে২ (মেনাকুইনোন-৭) ইন-হাউজ ০.০৭৫ মি.গ্রা. এবং অন্যান্য উপাদান।

**ফার্মাকোলজি:** কোরাবিয়ন-ডিএক্স প্রদান করে ক্যালসিয়াম, ভিটামিন ডি৩ এবং ভিটামিন কে২ (মেনাকুইনোন-৭); যেখানে ক্যালসিয়াম কার্বনেট কোরাল উৎস থেকে সংগ্রহ করা হয়। কোরাল থেকে সংগৃহীত ক্যালসিয়াম কার্বনেট-এর রাসায়নিক গঠন মানুষের হাড়ের উপাদানের সঙ্গে অধিকতর সঙ্গতিপূর্ণ। কোরাল ক্যালসিয়াম এর ক্যালসিয়াম কার্বনেট অন্যান্য উৎসের সঙ্গে সাদৃশ্যপূর্ণ কিন্তু ইহার ক্যালসিয়ামের পরিশোষন অধিকতর বেশী। ভিটামিন ডি৩ পরিপাকতন্ত্রে ক্যালসিয়াম এর শোষণে ব্যাপক সহায়তা করে এবং শরীরে ক্যালসিয়াম এর ভারসাম্য রক্ষা করে। মেনাকুইনোন-৭ ভিটামিন কে২ এর একটি সক্রিয় ট্রান্স-আইসোমার। এটি রক্তে উপস্থিত ক্যালসিয়ামকে রক্তনালী থেকে পরিবহন করে নিয়ে হাড়ে জমা করার কাজে একটি শক্তিশালী কো-ফ্যাক্টর হিসেবে কাজ করে।

**নির্দেশনা:** কোরাবিয়ন-ডিএক্স অস্টিওপোরোসিস এর প্রতিরোধ ও চিকিৎসায়, অস্টিওম্যালাসিয়া, টিটানি, হাইপো-প্যারাথাইরয়েডিজম, অস্টিওজেনেসিস-এ নির্দেশিত। এছাড়াও কিশোরদের খাদ্যে ক্যালসিয়ামের ঘাটতি পূরণ, রিকেট্স, গর্ভাবস্থায় ও স্তন্যদানকালে, বয়স্ক রোগীদের ক্ষেত্রে সাপ্লিমেন্ট হিসেবে কোরাবিয়ন-ডিএক্স দেওয়া হয়। অন্যান্য নির্দেশনার মধ্যে রয়েছে প্যানক্রিয়াটাইটিস, তীব্র কিডনী অক্ষমতায় ফসফেট বাইন্ডার হিসেবে।

**মাত্রা ও সেবনবিধি:** প্রাপ্তবয়স্ক: ১টি ট্যাবলেট ১-২ বার প্রত্যহ অথবা রেজিঃ চিকিৎসকের পরামর্শ অনুসারে সেব্য।
কিশোর: ১টি ট্যাবলেট ১ বার প্রত্যহ অথবা রেজিঃ চিকিৎসকের পরামর্শ অনুসারে সেব্য।

**প্রতিনির্দেশনা:** ঔষধটিতে অতিসংবেদনশীলতা, ভিটামিন ডি৩ এর মাত্রাধিক্যের কারণে হাইপারক্যালসেমিয়া, হাইপারপ্যারাথাইরয়েডিজম, বোন মেটাস্টেসিস, গুরুতর মূত্র হ্রাস, গুরুতর হাইপারক্যালসিউরিয়া, রেনাল ক্যালকুলি ইত্যাদি।

**সতর্কতা ও পূর্ব সতর্কতা:** মৃদু হাইপারক্যালসিউরিয়ায় সতর্কভাবে পর্যবেক্ষণের পাশাপাশি ওষুধের ডোজ কমানোর প্রয়োজন হতে পারে। মৃদু থেকে মাঝারি মূত্র হ্রাস ও দীর্ঘদিন ব্যবহারে প্লাজমা এবং সিরাম এ ক্যালসিয়াম এর মাত্রা পরিমাপ করতে হবে। যে সকল রোগীর ক্ষেত্রে কিডনীর পাথর সৃষ্টির ইতিহাস আছে সেসব ক্ষেত্রে সাবধানতা অবলম্বন করা উচিত।

**গর্ভাবস্থা ও স্তন্যদানকালে ব্যবহার:** কোরাবিয়ন-ডিএক্স গর্ভাবস্থা ও স্তন্যদানকালে ডাক্তারের পরামর্শ অনুযায়ী নির্দেশিত।

**অতিরিক্ত মাত্রায় সেবন:** অতিরিক্ত মাত্রায় সেবনে বমি বমি ভাব, বমি, মাথা ব্যাথা, কোষ্ঠকাঠিন্য বা অস্বস্তিভাব হতে পারে। চিকিৎসা হিসাবে সেবন বন্ধ এবং অতিমাত্রায় তরল গ্রহণ করতে হবে।

**সংরক্ষণ:** ৩০° সেঃ তাপমাত্রার উপরে সংরক্ষণ করা থেকে বিরত থাকুন, আলো ও আর্দ্রতা থেকে দূরে রাখুন।

**সতর্কতা:** সকল ঔষধ শিশুদের নাগালের বাইরে রাখুন।

**সরবরাহ:** ২x১৪ ক্যাপসুল এ্যালু-পিভিসি/এ্যালু-এ্যালু ব্লিস্টার/প্লাস্টিক কনটেইনারে।


প্রস্তুতকারক ঃ
BEXTER বেক্সটার ফার্মাসিউটিক্যালস্
(হার্বাল ডিভিশন)
বগুড়া, বাংলাদেশ।

Mfg. Lic. No. : HBL - 020
DAR No. : HBL - 020 - 299 - 94
Hot Line : +88-01705-434040
+88-01711-301342
web : www.bexterlab.com
http://www.facebook.com/bexterlab



সূত্র: ১। পিডিআর ফর নিউট্রিশনাল সাপ্লিমেন্টস-২য় সংস্করণ; ক্যালসিয়াম, পৃষ্ঠা-১০৯-১১৬, ভিটামিন ডি৩, পৃষ্ঠা-৬৬৯-৬৮১ ভিটামিন কে, পৃষ্ঠা-৭০৮-৭১৩। ২। ডিসিসি-২৫৪।